

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 20-01-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সিপাহীজলা জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন ।
- (২) আরজি কর ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান অভিযুক্ত সঞ্জয় রায়কে আমৃত্যু কারাদণ্ড দিয়েছে কলকাতার শিয়ালদহের একটি দায়রা আদালত ।
- (৩) উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর সমৃদ্ধ ঐতিহ্য এবং ধরুপদী ভাষার সঙ্গে পুনঃসংযোগের মাধ্যমে দেশে একটি সাংস্কৃতিক নবজাগরণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন ।
- (৪) মহারাষ্ট্রের পুনেতে অনুষ্ঠিত জাতীয় সাব জুনিয়র জুডো প্রতিযোগিতায় আজ রাজ্যকে রৌপ্য পদক এনে দিল রোশনি চাকমা ।

\*\*\*\*\*

**CM-Bishramganj :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সিপাহীজলা জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। মূল অনুষ্ঠানটি হয় জেলা সদর বিশ্রামগঞ্জের জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় প্রাঙ্গণে। মুখ্যমন্ত্রী সেখানে ২০০ শয্যা বিশিষ্ট সুসংহত নেশামুক্তি ও পুনর্বাসন কেন্দ্রের শিলান্যাস করেন। তাছাড়া মুখ্যমন্ত্রী সেখান থেকে ভারুয়ালভাবে বিশ্রামগঞ্জ বাজার

থেকে বড়কুবাড়ি রাস্তা, জম্পুইজলা মহকুমার লাটিয়াছড়া স্কুল ভবন, চড়িলাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণীকক্ষ, সার্কিট হাউস ও জেলা পরিবহন ভবনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নেশার বিরুদ্ধে সমাজের সমস্ত অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান। এক্ষেত্রে ক্লাব ও বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে অগ্রণী ভূমিকা নেবার জন্য পরামর্শ দেন তিনি।

\*\*\*\*\*

#### **Court verdict :**

আরজি কর ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান অভিযুক্ত সঞ্জয় রায়কে আমৃত্যু কারাদণ্ড দিয়েছে কলকাতার শিয়ালদহের একটি দায়রা আদালত। দায়রা জজ অনিবার্ণ দাস বলেছেন যে রাজ্য সরকারকে নিহতের পরিবারকে ১৭ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে। গত শনিবার এ মামলায় সঞ্জয় রায়কে দোষী ঘোষণা করে আদালত। গত বছরের ৯ আগস্ট আরজি কর মেডিকেল কলেজের একটি সেমিনার হল থেকে পিজিটি চিকিৎসকের লাশ উদ্ধার করা হয়। সঞ্জয় রায়কে ১০ই আগস্ট কলকাতা পুলিশ গ্রেপ্তার করে। পরে তাকে সিবিআইয়ের কাছে হস্তান্তর করা হয় এবং সিবিআই মামলায় সঞ্জয় রায়কে অভিযুক্ত করে। এই রায়কে স্বাগত জানিয়েছে জাতীয় মহিলা কমিশন।

\*\*\*\*\*

#### **CM-Aadi Bazer Mela :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার পূর্বাশা প্রাঙ্গণে পূর্বোত্তর আদি বাজার মেলার উদ্বোধন করে বলেন এই মেলায় একে অপরের সংস্কৃতি, রীতিনীতি, ভাষা ও শিল্পের আদান-প্রদান ঘটবে। প্রধানমন্ত্রীর এক্ট ইস্ট পলিসির কারণেই উত্তর-পূর্বাঞ্চল অর্থনৈতিকভাবে এগিয়ে যাচ্ছে। টাইফেড ও ত্রিপুরা মার্কফেড যৌথভাবে এই মেলার আয়োজন করেছে। উপস্থিত

ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, টাইফেড এর চেয়ারম্যান রাম সিং রাথুয়া, ত্রিপুরা মার্কাফেডর চেয়ারম্যান অভিজিৎ দেব।

\*\*\*\*\*

#### **PM Surya Ghar Mufta Bijli Yojana :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ মোহনপুর পুর পরিষদ কার্যালয়ে পি এম সূর্য ঘর মুফত বিজলী যোজনার নাম নথিভুক্তকরন শিবিরের উদ্বোধন করেন। তিনি জানান, এই প্রকল্পে কেন্দ্রীয় সরকার সর্বোচ্চ ৮৫ হাজার ৫০০ টাকা পর্যন্ত ভর্তুকী দেবে। বিদ্যুতের বিল সাশ্রয় করার জন্য এই প্রকল্পের সুবিধা নেবার জন্য তিনি জনগনের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **100 Days TB Campaign :**

১০০ দিনের যক্ষ্মা নির্মূল অভিযান সফল করার লক্ষ্যে আজ দক্ষিণ জেলার কলাছড়া এলাকার মাইরাছড়ি হাইস্কুলে যক্ষ্মারোগ বিষয়ক এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় মাইরা আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার রেখ্মি ঘোষ ও স্কুলের শিক্ষক ইন্দ্রজিত দেবনাথ সচেতনতামূলক বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

#### **T.C.P.C.R :**

ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের সহযোগিতায় আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শিক্ষা

আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। এখানে শিশু অধিকার এবং শিক্ষার অধিকার আইন সহ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়।

\*\*\*\*\*

#### **BJP-Press Meet :**

বিজেপি ত্রিপুরা প্রদেশ প্রভারী ডঃ রাজদীপ রায় আজ আগরতলায় প্রদেশ কার্যালয়ে রাজ্যে দলের বিভিন্ন সাংগঠনিক জেলার দলীয় সভাপতিদের নাম ঘোষণা করেন। পদাধিকারীরা হলেন সদরে অসীম ভট্টাচার্য, সদর গ্রামীণে গৌরাঙ্গ রুদ্র পাল, গোমতী সবিতা নাথ, খোয়াইতে বিনয় দেবর্মা, সিপাহীজলা জেলা উত্তরে বিপ্লব চক্রবর্তী এবং দক্ষিণে উত্তম দাস, ঊনকোটিতে বিমল কর, উত্তর ত্রিপুরায় কাজল কুমার দাস, দক্ষিণ ত্রিপুরা পিলাকে দীপায়ন চৌধুরী ও ধলাইতে পতিরাম ত্রিপুরা।

\*\*\*\*\*

#### **SFI :**

এসএফআই - টিএসইউ সদর ও ডুকলি বিভাগীয় কমিটির উদ্যোগে আজ পাঁচ দফা দাবিতে আগরতলায় শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। এসএফআই রাজ্য সম্পাদক সন্দীপন দেব জানান, উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড নিয়মিত প্রদান করা, স্কুলগুলিতে দ্রুত শিক্ষক নিয়োগ করা।

\*\*\*\*\*

#### **Nipun Tripura-Dhalai :**

ধলাই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আমবাসা মহকুমার অন্তর্গত কুলাই কলোনি উচ্চ বিদ্যালয়ে নিপুন ত্রিপুরা কর্মসূচির অঙ্গ হিসেবে জেলাভিত্তিক টিচিং লার্নিং মেটেরিয়াল প্রদর্শনী ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় জেলার অন্তর্গত

৪৫টি বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা তাদের শিক্ষা সংক্রান্ত মডেল নিয়ে প্রদর্শনীতে অংশ গ্রহণ করেন।

\*\*\*\*\*

**BSF-Dhalai :**

ধলাই ডিস্ট্রিক্ট ডিজেস্টার ম্যানেজমেন্ট অথরিটির উদ্যোগে আজ ধলাই জেলার নবনিযুক্ত ৫০ জন সিভিল ডিফেন্স এবং আপদামিত্র স্বেচ্ছাসেবকদের ৫ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। বি এস এফ ১২৬ নং বাহিনীর তত্ত্বাবধানে আজ এই প্রশিক্ষণের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা শাসক সুব্রত কুমার দাস। কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে চলবে পাঁচ দিনের এই প্রশিক্ষণ পর্ব।

\*\*\*\*\*

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**Vice President :**

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর সমৃদ্ধ ঐতিহ্য এবং ধ্রুপদী ভাষার সঙ্গে পুনঃসংযোগের মাধ্যমে দেশে একটি সাংস্কৃতিক নবজাগরণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। আজ

নতুনদিল্লিতে ভবনস্ নন্দলাল নুয়াল সেন্টার অফ ইন্ডোলজির ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তৃতায় উপরাষ্ট্রপতি ভারতীয় জ্ঞান ও এবং তার বৈশ্বিক দৃষ্টিভঙ্গির আন্তঃসংযোগ তুলে ধরে বলেন যে ভারত সর্বদা শান্তি ও সম্প্রীতির জন্য প্রচেষ্টা করেছে। তিনি দেশের প্রাচীন ভাষা ও সাহিত্য সংরক্ষণের গুরুত্বের উপর জোর দেন। তিনি তরুণদের দেশের সংস্কৃতি ও ঐতিহ্য নিয়ে গর্ব করতে উৎসাহিত করেন। তিনি ঔপনিবেশিক শক্তির দ্বারা ভারতের ইতিহাসের ভুল উপস্থাপনের জন্য ক্ষোভ প্রকাশ করে, সমৃদ্ধ ইতিহাস পুনরুদ্ধার করার আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **Statehood Day :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামীকাল রাজ্যে যথাযথ মর্যাদায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল সকাল ১১টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

\*\*\*\*\*

#### **Seminar :**

আকাশবাণী আগরতলা কেন্দ্র ছাত্রছাত্রী ও তরুণদের বিভিন্ন বিষয়ে সচেতন করার জন্য বিভিন্ন কলেজে এক ধারাবাহিক সেমিনারের আয়োজন করেছে। আজ এই বিষয়ে তৃতীয় সেমিনার অনুষ্ঠিত হয় আগরতলার নরসিংগড়স্থিত ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজিতে। আলোচনার বিষয় ছিল সাইবার নিরাপত্তা নিয়ে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আকাশবাণী আগরতলার ভারপ্রাপ্ত কেন্দ্র অধিকর্তা দিনেশ কুমার, টি আই টি এর অধ্যক্ষ বিজয় কুমার উপাধ্যায়, সেমিনারে মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ই.টি.ডি.সি'র সায়েন্টিস্ট শুভাশিস কর, আগরতলা আইটি ভবনের কমন সার্ভিস সেন্টারের রাজ্য প্রধান বিশ্বজিৎ দেবনাথ,

আকাশবাণী আগরতলা কার্যকর শাখার প্রধান জয়শ্রী দেববর্মা। সায়েন্টিস্ট শুভাশিস কর বলেন আমাদের প্রত্যেকেরই উচিত প্রতিনিয়ত সোশ্যাল মিডিয়া এবং ইমেইলগুলি চেক করা। ডিজিটাল যুগে ইন্টারনেট ব্যবহারের প্রসার বাড়লেও সাইবার সিকিউরিটি সংক্রান্ত সচেতনতা এখনো অনেক ক্ষেত্রেই সীমিত। বিশ্বজিৎ দেবনাথ সাইবার অপরাধ, তথ্য চুরি এবং অনলাইন নিরাপত্তা বজায় রাখার বিভিন্ন কৌশল সম্পর্কে আলোচনা করেন। তিনি প্রয়োজনে সেন্ট্রাল সাইবার ক্রাইম দপ্তরের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেন। বিশেষ করে তরুণ প্রজন্মকে সাইবার জগতের বিপদ সম্পর্কে সচেতন করা এবং সাইবার দুনিয়াকে নিরাপদভাবে ব্যবহার ও কাজকর্ম করার ক্ষেত্রে সচেতনতা গড়ে তোলার ওপর জোর দেন তিনি। টিআইটির প্রিন্সিপাল বিজয় কুমার উপাধ্যায় আকাশবাণী আগরতলা কেন্দ্রের এই উদ্যোগের প্রশংসা করেন। অনুষ্ঠানে শিক্ষার্থীদের নিয়ে কুইজ প্রতিযোগিতার অনুষ্ঠিত হয়। কুইজ মাস্টার হিসেবে উপস্থিত ছিলেন আকাশবাণী আগরতলা কেন্দ্রের কার্যক্রম আধিকারিক শুভেন্দু বাগ। পরে কুইজ বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*

#### **Tribal Folk Dance-South :**

আজ বিলোনিয়ার অগ্নিবীণা হলে দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে দক্ষিণ জেলাভিত্তিক লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। জেলার তিনটি উপজাতি লোকনৃত্য দল এতে অংশ নেয়। প্রতিযোগিতায় শান্তিরবাজার মহকুমার শ্যামপারি হুকুমু বদল দলের মামিতা নৃত্যটি রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হয়।

\*\*\*\*\*

#### **Visit Programme :**

জলসম্পদ বিভাগের প্রকৌশলীদের একটি প্রতিনিধিদল আজ দুপুরে কৈলাশহরের সীমান্তবর্তী রাঙ্গাউটি, দেবীপুর এলাকা সফর করেন। প্রতিনিধিদলে ছিলেন, দপ্তরের তত্ত্বাবধায়ক বাসুকার শ্যামল দাশ, নির্বাহী বাসুকার রনজয় দেববর্মা, মহকুমা প্রশাসনের উপ-সমাহর্তা মতিরঞ্জন দেববর্মা সহ বি,এস,এফের পদস্থ কর্মকর্তারা। সীমান্তের এপাড়ে ভারতীয় ভূখণ্ডে বন্যা নিরোধক বাঁধের অবস্থাও সরজমিনে ঘুরে দেখেন তারা।

\*\*\*\*\*

#### **SP West-Police week :**

পুলিশ সপ্তাহ উপলক্ষে পশ্চিম জেলা পুলিশের অভিনব উদ্যোগ। আজ কয়েক ঘণ্টার জন্য পশ্চিম জেলার পুলিশ সুপার হলেন তুলসীবতি বালিকা বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী তবসসুম চক্রবর্তী। পশ্চিম জেলার পুলিশ সুপারের চেয়ারে তাকে স্বাগত জানান এসপি ডাঃ কিরন কুমার কে। তবসসুমকে পুলিশ সুপারের চেয়ারে প্রবেশের আগে গার্ড অফ অনার দেন পুলিশ কনস্টেবলরা। তবসসুম জানায়, তার স্বপ্ন আইপিএস অফিসার হওয়ার। মহিলাদের বিরুদ্ধে অপরাধ বন্ধ করতে তিনি এই পদে আসতে চান। পশ্চিম জেলার পুলিশ সুপার ডাঃ কিরন কুমার কে জানান, পুলিশ সপ্তাহ উপলক্ষে এই কর্মসূচী নেওয়া হয়েছে। বেশ কয়েকটি থানায় ওসির দায়িত্ব দেওয়া হয়েছে ছাত্রছাত্রীদের।

\*\*\*\*\*

#### **Pilak Festival :**

তিনদিনব্যাপী পিলাক প্রভ ও পর্যটন উৎসব গতকাল থেকে জোলাইবাড়ির পশ্চিম পিলাক দ্বাদশ স্কুল মাঠে শুরু হয়েছে। উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি রাজ্যের পর্যটন কেন্দ্রগুলিকে নিয়ে সার্কিট গড়ে তোলা সহ পর্যটনের বিকাশে সরকারের বিভিন্ন পরিকল্পনার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক মাইলাফরু মগ ও স্বপ্না



মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন। মেলায় ১৬টি সরকারি দপ্তর প্রদর্শনী মন্ডপ খুলেছে।

\*\*\*\*\*

#### **Roshni's Silver :**

মহারাষ্ট্রের পুনেতে অনুষ্ঠিত জাতীয় সাব জুনিয়র জুডো প্রতিযোগিতায় আজ রাজ্যকে রৌপ্য পদক এনে দিল রোশনি চাকমা। মেয়েদের ৪৮ কেজি বিভাগে পাণিসাগর স্পোর্টস স্কুলের ছাত্রী রোশনি রূপো পায়। এর আগে ৩২ কেজি বিভাগে প্রিয়াঙ্কা দাস স্বর্ণ পদক পেয়েছিল।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

ত্রিপুরার বিরুদ্ধে রঞ্জি ট্রফির চারদিনের খেলায় অংশ নিয়ে সার্ভিসেস দল আজ রাজ্যে এসে পৌঁছেছে। আগামী ২৩ থেকে ২৬ জানুয়ারি এম বি বি স্টেডিয়ামে এই ম্যাচটি হবে। এম্যাচের লক্ষ্যে রাজ্যদলের প্রস্তুতিও চলছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*